# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৩-১৫

তারিখ: ২৬ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
১০ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

## দপ্তরাদেশ

সংশ্লিষ্ট সকল দপ্তর/কর্মকর্তাগণকে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন প্রকল্প/দপ্তর এবং মাঠ পর্যায়ের পওর বিভাগসমূহ হতে বন্যা ব্যবস্থাপনা, পানি নিষ্কাষণ ও সেচ ইত্যাদি সংশ্লিষ্ট অবকাঠামো নির্মাণের নকশা প্রণয়নে ভূ-কারিগরী সমীক্ষা (Sub- soil/Geotechnical Investigation) কাজ বোর্ডের ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১ ও বিভাগ-২ এর মাধ্যমে সম্পাদন করতে হবে।

এছাড়া, জরুরি ভিত্তিতে স্বল্প সময়ের মধ্যে ভূ-কারিগরী সমীক্ষা (Sub-soil/Geotechnical Investigation) কাজ সম্পাদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালক, বাপাউবো এর অনুমোদনক্রমে বাইরের (External) দক্ষ প্রতিষ্ঠান দিয়ে (Sub- soil/Geotechnical Investigation) কাজ সম্পাদন করা যাবে। উল্লেখ্য যে, স্মারক নং: ৮২(২৫০) পাউবো (সচি)/ পরিকল্পনা-১, তারিখ: ২৩-০৪-১৯৮১ খ্রিঃ ও স্মারক নং- ৫৫-পাউবো (সচি)/অহিনি/বিবিধ -২৯৬/১৯, তারিখ: ১৯-০৩-২০১৯ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত দপ্তরাদেশ অনুসরণ করত: ভূ-কারিগরী সমীক্ষা (Sub-soil/Geotechnical Investigation) কাজ সম্পাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ দপ্তরাদেশ জারী করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ওবায়দুল ইসলাম ১০/০১/২০২৪
ওবায়দুল ইসলাম
পরিচালক (বোর্ড)

স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৩-১৫ তারিখ: ১০ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল)..................বাপাউবো, ........................।
৩। নিয়ন্ত্রক/প্রধান, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর, বাপাউবো, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
৫। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক..........................বাপাউবো, ......................... ।
৬। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের নিমিত্ত)।
৮। নির্বাহী প্রকৌশলী, (সকল).........................বাপাউবো, ........................ ।
৯। উপ-পরিচালক, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১/বিভাগ-২, বাপাউবো, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/ পূর্ব রিজিয়ন/ পশ্চিম রিজিয়ন/ পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।
১১। দপ্তর কপি।

ডায়েরী নং ৩০৩
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করনিক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ১৮/০১/২৪
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

১৮/০১/২০২৪
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

১০-০১-২০২৪
(মোঃ সিরাজুল ইসলাম)
উপ-পরিচালক (বোর্ড)

D:\Afrin pani bhavon\খসড়া কাজসমূহ\sub soil.docx

BANGLADESH WATER DEVELOPMENT BOARD
SECRETARIAT
WAPDA BUILDING, MOTIJHEEL C/A,
DACCA -2.

OFFICE ORDER

The Bangladesh Water Development Board is pleased to decide that foundation drilling and sub-soil investigation works of all Water Development Projects under the Board shall be undertaken through the Ground Water Circle, who, if necessary would engage private drilling firms on competitive tend basis and would execute the same under their technical supervision. The payment to such private firms would be made by the Ground Water Circle at accepted tendered rate. The concerned Project Authority would pay to the Ground Water Circle, in advance, the estimated amount including 5% contingencies. The advance payment would be finally adjusted through work bills for actual work done plus 5% of the billed amount as supervision cost.

The Project Authorities are to submit their requisitions for drilling works to the Director, Ground Water Circle well ahead for execution of the works in time after observing necessary tender formalities where found necessary.

By Order of the Board,

( Q.U. Sarker )
Secretary,
Bangladesh Water Dev.Board.

Memo.No.82(250)-WDB(Sectt.)/Planning-I Dated: 23.4.1981.
Copy for information and necessary action to :-

1. Chief Engineer/Addl.Chief Engineer/Executive Director ________ Water Dev.Board, ________
2. Chief Staff Officer, Chairman's Secretariat, WDB, Dacca.
3. ~~Superintending Engineer/Project Director~~/Director, Ground Water Circle, Water Dev.Board, Dacca
4. Executive Engineer/Deputy Director, ________, Water Dev.Board ________
5. P.A. to Member, Planning/Implementation/Admn./Finance/ S&S, Water Dev. Board, Dacca.

( F. Kabir )
Section Officer(P)-II,
Bangladesh Water Dev.Board,
Dacca.

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
...পানি বিজ্ঞান ...
ঢাকা।
প্রাপ্তির তারিখ... 6/6 ...

সংযুক্তি-১

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

## সচিবালয়

ফোন ঃ
অফিস ঃ ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763

স্মারক নং-স্মারক নং-৫৫-পাউবো(সচি)/অহিনি/বিবিধ-২৯৬/১৯ তারিখ ঃ ১৯-০৩-২০১৯ খ্রিঃ।

**"দপ্তরাদেশ"**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন প্রকল্প/দপ্তর এবং মাঠ পর্যায়ের প ও র বিভাগসমূহ হতে বন্যা ব্যবস্থাপনা, পানি নিস্কাশন ও সেচ ইত্যাদি সংশ্লিষ্ট অবকাঠামো নির্মাণে অন্তভূমি অনুসন্ধান (Sub-soil/Geotechnical Investigation) তথা মাটির নমুনা সংগ্রহ ও পরীক্ষা করতঃ নক্শা প্রণয়নের নিমিত্তে ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর এর আওতায় পরিচালিত খনন কাজ বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ প্রতিপালন করতে হবে।

১। ক) বোর্ডের চলমান বিভিন্ন প্রকল্প/দপ্তর এবং প ও র বিভাগসমূহ কর্তৃক প্রতি অর্থ বৎসরের শুরুতে তাদের প্রয়োজনীয় খনন কাজের (Sub-soil Investigation) চাহিদা পরিচালক, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। জরুরী প্রয়োজনে স্বল্প সময়ের নোটিশে কাজ সম্পাদনের ক্ষেত্রে বোর্ডের অনুমোদনক্রমে চাহিদা প্রেরণ করতে হবে।

খ) বোর্ডের বিভিন্ন প্রকল্প/দপ্তর এবং মাঠ পর্যায়ের প ও র বিভাগসমূহ হতে খনন কাজের চাহিদা প্রাপ্তির পর পরিচালক, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর এর আওতাধীন ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১/বিভাগ-২ এর মাধ্যমে বিধি মোতাবেক কাজসমূহের প্রাক্কলন, প্রকিউরমেন্ট প্ল্যান প্রস্তুত, যথাযথ পদ্ধতিতে দরপত্র প্রক্রিয়াকরণ ও অনুমোদন, কার্যাদেশ প্রদান এবং নিযুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিতব্য কাজের তত্ত্বাবধান ও তদারকি করবে। দরপত্র তফসিলে অর্থের উৎস হিসাবে চাহিদা প্রদানকারী দপ্তর/প্রকল্পের নাম উল্লেখ করতে হবে।

গ) ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত কাজের বিল ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১/বিভাগ-২ কর্তৃক অনুমোদন করতঃ পরিশোধের জন্য খনন কাজের চাহিদা প্রেরণকারী দপ্তরে প্রেরণ করতে হবে। তৎপ্রেক্ষিতে খনন কাজের চাহিদা প্রদানকারী দপ্তর তার সংশ্লিষ্ট র‌্যাকের মাধ্যমে অনুমোদিত বাজেট বরাদ্দ হতে ঠিকাদারী প্রতিষ্ঠানকে বিলের অনুকূলে অর্থ পরিশোধ করবে।

ঘ) ইতোমধ্যে সম্পাদিত সকল কাজের বকেয়া বিল ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১/বিভাগ-২ কর্তৃক পরিশোধিত হবে এবং ২০১৮-২০১৯ অর্থ বৎসরে ইতোমধ্যে ঠিকাদারী প্রতিষ্ঠানকে যে সকল কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে তার সম্পাদিত কাজের বিলসমূহ ২০১৮-২০১৯ অর্থ বৎসরের মধ্যে যথাশীঘ্র সম্ভব দ্রুত পরিশোধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরিচালক, অর্থ পরিদপ্তর কর্তৃক পরিচালিত ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১ ও বিভাগ-২ শিরোনামে ব্যাংক হিসাব দু'টি ৩০শে জুন ২০১৯ খ্রিঃ তারিখ হতে বন্ধ করতে হবে।

২। মন্ত্রণালয়ের আদেশ মোতাবেক যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর এবং ড্রেজার পরিদপ্তর, বাপাউবো'র মূল বাজেটভুক্ত হওয়ায় উক্ত পরিদপ্তর দু'টির ২০১৮-১৯ অর্থ বছর হতে বাজেট বরাদ্দের জন্য অর্থ মন্ত্রণালয়ের মনিটরিং সেলে যাওয়ার প্রয়োজন নেই। ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর এর অধীনস্থ ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১/বিভাগ-২ এর খনন কাজের বরাদ্দের উৎস যেহেতু বাপাউবো'র বিভিন্ন প্রকল্প/দপ্তর এবং প ও র বিভাগসমূহ, সেহেতু ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর/বিভাগের বাজেট বরাদ্দের জন্য অর্থ মন্ত্রণালয়ের মনিটরিং সেলে যাওয়ার প্রয়োজন নেই। ইতোপূর্বে বিভিন্ন অনুমোদিত প্রকল্প/কর্মসূচীর আওতায় অনুমোদিত বাজেট বরাদ্দের আলোকে ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর এবং বিভাগ-১ ও বিভাগ-২ কর্তৃক বোর্ডের বিভিন্ন প্রকল্প/দপ্তর এবং প ও র বিভাগের আওতায় যে সকল খননকাজ প্রক্রিয়াকরণ করা হয়েছে সে সকল ক্ষেত্রেও অর্থ মন্ত্রণালয় এর মনিটরিং সেল কর্তৃক বাজেট বরাদ্দের প্রয়োজন হবে না।

৩। খননকাজসমূহ তত্ত্বাবধান ও তদারকিতে ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর এবং বিভাগ-১ ও বিভাগ-২ এর যে সকল কর্মকর্তা ও কর্মচারী দায়িত্ব পালন করবেন তাদের ভ্রমণ ও দৈনিক ভাতা বিল সংস্থাপনের সংশ্লিষ্ট খাত হতে সংস্থান করা হবে।

৪। খনন কাজের যথাযথ মান বজায় রাখার স্বার্থে ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তরের বিদ্যমান ড্রিলিং রিগ ব্যবহার করলে তা দরপত্রে উল্লেখ করতে হবে। খনন কাজে বোর্ডের ড্রিলিং রিগ ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহার করলে এর ভাড়া ও মেরামত ব্যয় বাবদ ঠিকাদারের বিল হতে বিধি মোতাবেক অর্থ কর্তন করতে হবে। ভাড়া বাবদ আদায়কৃত অর্থ বোর্ডের রাজস্ব খাতে জমা প্রদান করতে হবে।

এ দপ্তরাদেশ ১৪-০১-২০১৯ খ্রিঃ তারিখে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত এবং মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

১৯/৩/২০১৯
(অখিল খালেক)

স্মারক নং-৫৫-পাউবো(সচি)/অহিনি/বিবিধ-২৯৬/১৯ তারিখ ঃ ১৯-০৩-২০১৯ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আদিষ্টমতে প্রেরণ করা হলো,

১। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান (সকল), ------------------------------------------, বাপাউবো, -------------।
৩। নিয়ন্ত্রক, অর্থ, হিসাব ও নিরীক্ষা, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর, বাপাউবো, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
৫। পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, ------------------------------------------------, বাপাউবো, -------------।
৭। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮। উপ-সচিব (সকল), বাপাউবো, ঢাকা।
৯। নির্বাহী প্রকৌশলী (সকল), ---------------------------------------------------------------, বাপাউবো, -----------------।
১০। উপ-পরিচালক, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১/বিভাগ-২, বাপাউবো, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
১১। উপ-পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল), ------------------ আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ---------------।
১২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (অর্থ/প্রশাসন/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন)/সচিব, বাপাউবো, ঢাকা।

১৯/০৩/২০১৯

(শেখ মাসুদুল হক)
উপ-সচিব (অর্থ)
বাপাউবো, ঢাকা।